

উপজেলা রিসোর্স সেন্টার, কমলগঞ্জ, মৌলভীবাজার এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র  
(Overview of the Performance of the URC, Kamalgonj, Moulvibazar)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছর সমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

শিক্ষা মানুষের জন্মগত অধিকার। প্রাথমিক শিক্ষা হচ্ছে এর মূলভিত্তি। সরকারের রূপকল্প বাস্তবায়নে এদেশের প্রতিটি শিশুকে আগামী দিনের সুযোগ্য নাগরিক হিসেবে গড়ে তুলতে সরকার বদ্ধপরিকর। সে লক্ষ্যে প্রাথমিক শিক্ষা বিস্তারে সরকারের গৃহিত পদক্ষেপ সমূহ লক্ষণীয়। প্রাথমিক শিক্ষার গুরুত্ব বিবেচনা করে বর্তমান সরকার সমতাভিত্তিক ও মানসম্মত এবং ICT ভিত্তিক প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করণের জন্য মানসম্মত শিক্ষকের বিকল্প নেই। Teaching learning process is the heart of education. আর এই শেখন- শিখানো কার্যক্রমকে ফলপ্রসূ ও সার্থক করার উদ্দেশ্যে মানসম্মত শিক্ষক তৈরীর লক্ষ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নির্দেশনায় উপজেলা পর্যায়ে প্রাথমিক শিক্ষকদের একমাত্র প্রশিক্ষণ প্রতিষ্ঠান উপজেলা রিসোর্স সেন্টার কর্তৃক বিভিন্ন ধরনের প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকে। এরই ধারাবাহিকতায় ইউআরসি, কমলগঞ্জ, মৌলভীবাজার কর্তৃক আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণ অত্যন্ত দক্ষতা, আন্তরিকতা ও যত্নের সাথে পরিচালনা করা হচ্ছে এবং প্রশিক্ষণ পরবর্তী মনিটরিং করে প্রয়োজনীয় পরামর্শ দেয়া হচ্ছে। এছাড়াও এই ইউআরসি হতে নিয়মিত 'চাহিদাভিত্তিক সাব-ক্লাস্টার প্রশিক্ষণ লিফলেট' তৈরি (তবে করোনা পরিস্থিতির কারণে বিগত ২ বছর চাহিদা ভিত্তিক সাব-ক্লাস্টার প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়নি) করা হয়ে থাকে। এছাড়া ইউআরসি সংলগ্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়নে প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগিতা প্রদান করা হয়। বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী যথাযোগ্য মর্যাদায় বিভিন্ন জাতীয় দিবস উদযাপন, বৃক্ষরোপন কর্মসূচী, বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান, উপজেলা শিক্ষা কমিটির সভায় অংশগ্রহণসহ বিভিন্ন কার্যক্রম উপজেলা শিক্ষা অফিসের সাথে সমন্বয় করে সম্পাদন করা হয়। উল্লেখ্য প্রশিক্ষণ পরবর্তীতে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের পাঠদান কার্যক্রম ফলোআপ ও প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করা হয়। এছাড়াও সরকার নির্দেশিত বিভিন্ন কার্যক্রমসমূহ নির্দেশনা অনুযায়ী যথাযথভাবে সম্পন্ন করা হয়ে থাকে। এ ইউআরসির উল্লেখযোগ্য অর্জনসমূহ তুলে ধরা হলো:-

প্রশিক্ষণ তথ্য: প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের পেশাগত মানোন্নয়নে বিগত ৩ বছরে এই ইউআরসিতে যেসকল প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে তার একটি সংক্ষিপ্ত চিত্র নিচের ছকে দেখানো হলো:

অর্থ বছর	প্রশিক্ষণের নাম/লিফলেট প্রণয়ন	লক্ষ্যমাত্রা	অর্জন	মন্তব্য
২০২০-২১	অনলাইন বিষয়ভিত্তিক প্রশিক্ষণ (গণিত)	২৫ জন	২৫ জন	
	নবনিযুক্ত শিক্ষকদের অনলাইন ইডাকশন প্রশিক্ষণ	২৫ জন	১৮ জন	নবনিযুক্ত অনেক শিক্ষক ডিপিএড প্রশিক্ষণে থাকায় লক্ষ্য অর্জিত হয়নি।
২০২১-২২	গণিত অলিম্পিয়াড কৌশল ব্যবহার করে বিষয়ভিত্তিক গণিত প্রশিক্ষণ	১৮০ জন	১৮০ জন	
	বিষয়ভিত্তিক বিজ্ঞান প্রশিক্ষণ ( ডিউপার্ট)	৬০ জন	৬০ জন	
	শিক্ষার্থীদের অনলাইনে তথ্য সংগ্রহ ও সফটওয়্যার অপারেশন বিষয়ক প্রশিক্ষণ	৩০০ জন	৩০০ জন	
২০২২-২৩	গণিত অলিম্পিয়াড কৌশল ব্যবহার করে বিষয়ভিত্তিক (গণিত) প্রশিক্ষণ	১২০ জন	১২০ জন	
	TMTE কৌশল ব্যবহার করে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ ইংরেজি	১২০ জন	১২০ জন	
	বিষয়ভিত্তিক প্রশিক্ষণ (বাংলা)	১২০ জন	১২০ জন	
	<b>সর্বমোট:</b>	<b>৯৪৩ জন</b>	<b>৯৪৩ জন</b>	